গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৫ তারিখ: ৪ আষাঢ় ১৪২৯

১৮ জুন ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেত দেখাতে হবে না।**

**২। আজ ১৮ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, ফরিদপুর, ঢাকা, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দরসমূহকে ১ নম্বর পুনঃ ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**৩। আজ ১৮ জুন ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।**

**পূর্বাভাসঃ রংপুর, রাজশাহি, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অ স্থায়ীভাবে দমকা হাওয়ার সাথে বিজলী চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে।**

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.৫ | ২৫.৫ | ৩০.৬ | ২৬.০ | ৩১.৭ | ৩২.৬ | **৩৪.৪** | ৩২.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.৫ | ২৩.০ | ২২.০ | ২২.৮ | ২৩.৬ | ২৩.০ | ২৪.৭ | ২৫.০ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৪.৪$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুন্ড ২২.০ $^{o}$ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

## ৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

**সুরমা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে ।**

- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ৭২ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গের কতিপয় স্থানে মাঝারি থেকে ভারী কোথাও কোথাও অতিভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে আগামী ৪৮ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা, সুরমা, কুশিয়ারা, তিস্তা, ধরলা ও দুধকুমারসহ সকল প্রধান নদ-নদীসমুহের পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার বন্যা পরিস্থিতির আরও অবনতি হতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় তিস্তা নদীর পানি সমতল বিপদসীমার কাছাকাছি অথবা উপরে অবস্থান করতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় কুড়িগ্রাম, গাইবান্ধা, বগুড়া, সিরাজগঞ্জ, জামালপুর, লালমনিরহাট, নীলফামারী ও রংপুর জেলার নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৯১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ১৩ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০২ | **বিপদসীমার উপরে** | ১৭ |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৮জুন, ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| ক্রঃ নং | জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | কুড়িগ্রাম | হাতিয়া | ব্রহ্মপুত্র | ২৫.৪৫ | +১০ | ২৪.৭৫ | +৭০ |
| ২ | কুড়িগ্রাম | চিলমারী | ব্রহ্মপুত্র | ২৩.৯২ | +১৭ | ২৩.৭০ | +২২ |
| ৩ | কুড়িগ্রাম | পাটেশ্বরী | দুধকুমার | ৩০.২৮ | +১৪ | ৩০.০৫ | +২৩ |
| ৪ | কুড়িগ্রাম | কুড়িগ্রাম | ধরলা | ২৬.৭২ | +১৩ | ২৬.৫০ | +২২ |
| ৫ | বগুড়া | সারিয়াকান্দি | যমুনা | ১৬.৮৭ | +৪০ | ১৬.৭০ | +১৭ |
| ৬ | সিরাজগঞ্জ | কাজিপুর | যমুনা | ১৫.২৮ | +৩৩ | ১৫.২৫ | +০৩ |
| ৭ | গাইবান্ধা | ফুলছড়ি | ব্রহ্মপুত্র | ১৯.৫১ | +২০ | ১৯.৩৫ | +১৬ |
| ৮ | নেত্রকোনা | কলমাকান্দা | সোমেশ্বরী | ৭.৫৫ | +৪৪ | ৬.৫৫ | +১০০ |
| ৯ | নেত্রকোনা | জারিয়াঞ্জাইল | কংস | ১০.৬২ | +১১০ | ১০.৫৫ | +০৭ |
| ১০ | জামালপুর | বাহাদুরাবাদ | যমুনা | ১৯.১৯ | +৩৮ | ১৯.০৫ | +১৪ |
| ১১ | সিলেট | কানাইঘাট | সুরমা | ১৩.৭১ | -১২ | ১২.৭৫ | +৯৬ |
| ১২ | সিলেট | সিলেট | সুরমা | ১১.৪৯ | -০১ | ১০.৮০ | +৬৯ |
| ১৩ | সিলেট | অমলশীদ | কুশিয়ারা | ১৬.১২ | +৭৯ | ১৫.৪০ | +৭২ |
| ১৪ | সেলিট | শেওলা | কুশিয়ারা | ১৩.৩১ | +৫৯ | ১৩.০৫ | +২৬ |
| ১৫ | সিলেট | সারিঘাট | সারিগোয়ান | ১২.৯৩ | +৩৫ | ১২.৩৫ | +৫৮ |
| ১৬ | সিলেট | বাল্লাহ | খোয়াই | ২১.৫০ | +১৭৪ | ২১.২০ | +৩০ |
| ১৭ | সুনামগঞ্জ | দেরাই | পুরাতন সুরমা | ৭.৫৫ | +৯৮ | ৬.৫৫ | +১০০ |

## বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| দক্ষিণবাগ | ২২৬.০ | শেরপুর (সিলেট) | ২১৫.০ | ব্রাহ্মণবাড়িয়া | ১৭৫.০ |
| ভৈরব বাজার | ১৭৫.০ | মৌলভী বাজার | ১৭৫.০ | জকিগঞ্জ (সিলেট) | ১৫০.০ |
| হবিগঞ্জ | ১৪৮.০ | মনু রেলওয়ে ব্রিজ (মৌলভী বাজার) | ১৪৫.০ | সিলেট | ১৪৪.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| আগরতলা (ত্রিপুরা) | ১৬৫.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ১২০.০ | কৈলাশহর (ত্রিপুরা) | ৮৮.০ |

## ৫।অতিবৃষ্টি, পাহাড়ী ও উজান থেকে পানি আসার কারণে দেশের কয়েকটি জেলার সার্বিক বন্যা পরিস্থিতিঃ

**(১) লালমনিরহাটঃ** জেলা প্রশাসক, লালমনিরহাট থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত কয়েক দিনের অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পানিতে জেলার ০৪টি উপজেলার ২০টি ইউনিয়নের নিম্নাঞ্চল প্লাবিত হয়ে প্রায় ১৫,০৫০টি পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। পানিবন্দি পরিবারের মাঝে তাৎক্ষনিকভাবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বরাদ্দ থেকে ১৫০.৫০০ মেঃটন জিআর চাল উপ-বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে শিশু খাদ্য ক্রয় পূর্বক বিতরণের জন্য ৭,৭৫,০০০/- টাকা এবং গো-খাদ্য ক্রয় পূর্বক বিতরণের জন্য ৩,৭৫,০০০/- টাকা উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

**(২) শেরপুরঃ** জেলা প্রশাসক, শেরপুর থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত কয়েক দিনের অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পানিতে জেলার নকলা, নলিতাবাড়ী, শ্রীবর্দী ও ঝিনাইগাতী ৪টি উপজেলার ১৭ ইউনিয়নের ৯৭ টি গ্রামের নিম্নাঞ্চল প্লাবিত হয়ে ১৯৫০টি পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। জেলা প্রশাসন কর্তৃক পানিবন্দি পরিবারসমূহকে নিরাপদ স্থানে সরিয়ে আনার কার্যক্রম চলমান রয়েছে। পানিবন্দি/ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে ত্রাণ সহায়তা বিতরণের নিমিত্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বরাদ্দ থেকে ৬০ মেঃটন জিআর চাল, ৩,০০,০০০/- নগদ টাকা এবং ১৫০০ প্যাকেট/বস্তা শুকনা খাবার উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

গত ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবরাকে সাহায্যার্থে মানবিক সাহয়তা হিসেবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক শেরপুর জেলার অনুকূলে ১০ লক্ষ টাকা এবং ৪,০০০ প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

**(৩) নেত্রকোনাঃ** গত কয়েক দিনের অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পানিতে নেত্রকোনা জেলার ৬টি উপজেলার (দূর্গাপুর, কলমাকান্দা, বারহাট্টা, মদন, খালিয়াজুরী, মোহনগঞ্জ) ৩৯টি ইউনিয়নের ৭২৩০টি পরিবারের ৩১,৬৯০জন লোক এবং ১২,৫০০ ঘরবাড়ী ক্ষতিগ্রস্ত হয়েছে। বন্যার কারণে ১৮৮ টি আশ্রয় খোলা হয়েছে এবং এসব আশ্রয়কেন্দ্রে ৩৯৬০ টি পরিবারের ১৬,১৮০ জন লোক আশ্রয় গ্রহণ করেছে।

ক্ষতিগ্রস্ত জনগণের মাঝে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে ৬টি উপজেলার অনুকূলে মোট ৬০ মেঃটন জিআর চাল, ২,৫০,০০০/- টাকা এবং ১,৬০০ প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবার উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

গত ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখ বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবরাকে সাহায্যার্থে মানবিক সাহয়তা হিসেবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নেত্রকোনা জেলার অনুকূলে ১০০ মেঃটন ত্রাণ কার্য (চাল), ২০ লক্ষ টাকা এবং ৫,০০০ প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

**(৪) ময়মনসিংহঃ** জেলা প্রশাসন, ময়মনসিংহ এর পত্র মারফত জানা যায় যে, আজ জেলার দোবাউড়া উপজেলার নিতাই নদীর পানি হ্রাস পেয়ে বিপদসীমার ৯৭ সে.মিটার উপর দিয়ে এবং জেলার ব্রহ্মপুত্র নদের পানি বৃদ্ধি পেয়েছে তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। অতিবর্ষণ ও পাহাড়ী ঢলের কারণে ময়মনসিংহ জেলার ধোবাউড়া ও হালুয়াঘাট উপজেলার ১৫ টি ইউনিয়নের ১১৫টি গ্রামের নিম্নাঞ্চল প্লাবিত হয়ে ১৫০০টি পরিবার আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

**(৫) সিলেটঃ** গত কয়েকদিনের অতিবৃষ্টি, পাহাড়ী ঢল এবং উজান থেকে নেমে আসা পানি সিলেট জেলার প্রায় কয়েকটি উপজেলা প্লাবিত হয়েছে। বর্তমানে জেলার সুরমা, কুশিয়ারা, গারিগোয়াইন ও খোয়াই নদীর পানি সব কয়টি পয়েন্টে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। তবে সুরমা নদীর পানি কমতে শুরু করছে। বহু মানুষ পানিবন্দি অবস্থায় রয়েছে। জেলা প্রশাসন এবং বাংলাদেশ সেনাবাহিনী পানিবন্দি লোকজনকে উদ্ধার কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবরাকে সাহায্যার্থে মানবিক সাহয়তা হিসেবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখ সিলেট জেলার অনুকূলে ২০০ মেঃটন জিআর চাল, ৩০ লক্ষ টাকা এবং ৮,০০০ প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

**(৬) সুনামগঞ্জঃ** গত কয়েকদিনের অতিবৃষ্টি, পাহাড়ী ঢল এবং উজান থেকে নেমে আসা পানিতে সুনামগঞ্জ জেলার ধর্মপাশা, জগন্নাথগঞ্জ দঃ সুনামগঞ্জ এর নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। নদীর পানি বৃদ্ধি অব্যাহত রয়েছে। ধর্মপাশায় ৭০টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে এবং সেখানে ৭৯৫০ জন লোক আশ্রয় গ্রহণ করেছে। এছাড়া দঃ সুনামগঞ্জ শান্তিনগর ও জগন্নাথপুর এলাকার আনুমানিক ২০০০-৩০০০ লোক বিভিন্ন প্রতিষ্ঠানে আশ্রয় গ্রহণ করেছে।

বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবরাকে সাহায্যার্থে মানবিক সাহয়তা হিসেবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক সুমানগঞ্জ জেলার অনুকূলে ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখ ৩০ লক্ষ টাকা এবং ৮,০০০ প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

**(৭) কুড়িগ্রামঃ** গত কয়েক দিনের অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে নাগেশ্বরী, কুড়িগ্রাম সদর, রৌমারী, চর রাজিবপুর, চিলমারী ও উলিপুর, উপজেরার নিম্নাঞ্চলসমূহ প্লাবিত হয়ে ৪০-৪৫ টি গ্রামের ১১,০০০-১২,০০০ টি পরিবার পানিবন্দি হয়েছে। ২৩টি প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং ২৮৩ হেক্টর কসলি জমি বন্যার পানিতে প্লাবিত হয়েছে।

বর্তমানে জেলার ব্রহ্মপুত্র নদীর পানি চিলামারী পয়েন্টে ২২ সে.মি এবং ধরলা নদীর পানি কুড়িগ্রাম পয়েন্টে ২২ সে.মি. উপর প্রবাহিত হচ্ছে। পানি বৃদ্ধি অব্যাহত আছে।

ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক জেলার ৯টি উপজেলায় ২৯৫ মেঃটন ত্রাণ কার্য (চাল). ১৪,৫০,০০০/-টাকা ত্রাণ কার্য (নগদ), ১০০০ প্যাকেট শুকনা খাবার, শিশু খাদ্য ক্রয় বাবদ ১৮,৯৫,০০০/- টাকা এবং গো-খাদ্য ক্রয় বাবদ ১৭,৭৫,০০০/- উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবরাকে সাহায্যার্থে মানবিক সাহয়তা হিসেবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক কুড়িগ্রাম জেলার অনুকূলে ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখ ১০ লক্ষ টাকা এবং ১,০০০ প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

## ৬। বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দঃ

- বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবরাকে সাহার্যার্থে মানবিক সাহয়তা হিসেবে বিতরণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত জেলাসমূহের অনুকূলে ১৮/০৬/২০২২খ্রিঃ তারিখে নিম্নরুপ বরাদ্দ প্রদান করা হযেছেঃ

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমান (মেঃটন) | ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমান (টাকা) | শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা) |
|---|---|---|---|---|
| ১। | হবিগঞ্জ | - | ১০,০০,০০০/- | ২,০০০ |
| ২। | মৌলভীবাজার | ১০০ | ১০,০০,০০০/- | ২,০০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | শেরপুর | - | ১০,০০,০০০/- | ৪,০০০ |
| ৪। | জামালপুর | - | - | ৪,০০০ |
| ৫। | নেত্রকোনা | - | ১০,০০,০০০/- | ২,০০০ |
| ৬। | কিশোরগঞ্জ | - | - | ২,০০০ |
| ৭। | নীলফামারী | - | ৫,০০,০০০/- | - |
| | **মোট** | **১০০ মেঃটন** | **৪৫,০০,০০০/- টাকা** | **১৬,০০০ প্যাকেট/বস্তা** |

- ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক সিলেট, সুনামগঞ্জ, রংপুর, নীলফামারী জেলা্র অনুকূলে নিম্নরুপভাবে বরাদ্দ প্রদান করা হয়েছেঃ

| **ক্রঃ নং** | **জেলার নাম** | **ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমান (টাকা)** | **শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা)** |
|---|---|---|---|
| ১। | সিলেট | ২০,০০,০০০/- | ৫,০০০ |
| ২। | সুনামগঞ্জ | ২০,০০,০০০/- | ৫,০০০ |
| ৩। | রংপুর | - | ৩,০০০ |
| ৪। | নীলফামারী | - | ৩,০০০ |
| | **মোট** | **৪০,০০,০০০/- টাকা** | **১৬,০০০ প্যাকেট/বস্তা** |

- ১৬/০৬/২০২২খ্রিঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ঢাকা ও সিরাজগঞ্জ জেলার অনুকুলে ৮,০০০ প্যাকেট/বস্তা শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

| **ক্রঃ নং** | **জেলার নাম** | **উপজেলা/পৌরসভার নাম** | **শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা)** |
|---|---|---|---|
| ১। | ঢাকা | ধামরাই | ৩,০০০ |
| ২। | ঢাকা | ধামরাই পৌরসভা | ২,০০০ |
| ৩। | সিরাজগঞ্জ | চৌহালী | ৩,০০০ |
| | | **মোট** | **৮,০০০ প্যাকেট/বস্তা** |

- ১৬/০৬/২০২২খ্রিঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার অনুকূলে ৩০০ মেঃটন চাল, ৩০,০০,০০০/- নগদ অর্থ এবং ৯,০০০ প্যাকেট/বস্তা শুনা ও অন্যান্য খাবার বরাদ্দ প্রদান করা হয়েছে।

| **ক্রঃ নং** | **জেলার নাম** | **ত্রাণ কার্য (চাল) বরাদ্দের পরিমান (মেঃটন)** | **ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমান (টাকা)** | **শুকনা ও অন্যান্য খাবার বরাদ্দের পরিমান (প্যাকেট/বস্তা)** |
|---|---|---|---|---|
| ১। | সিলেট | ২০০ | ১০,০০,০০০/- | ৩,০০০ |
| ২। | সুনামগঞ্জ | - | ১০,০০,০০০/- | ৩,০০০ |
| ৩। | নেত্রকোনা | ১০০ | ১০,০০,০০০/- | ৩,০০০ |
| | **মোট** | **৩০০ মেঃটন** | **৩০,০০,০০০/- টাকা** | **৯,০০০ প্যাকেট/বস্তা** |

- ১৫/০৬/২০২২খ্রিঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক কুড়িগ্রাম জেলার অনুকূলে ১০,০০,০০০/- নগদ টাকা ও ১,০০০ প্যাকেট শুনা ও অন্যান্য খাবার বরাদ্দ করা হয়েছে।

## ৭। বজ্রপাতঃ

**ময়মনসিংহঃ** জেলা প্রশাসন, ময়মনসিংহ থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় ৩ জন (বিলে মাছ ধরতে গিয়ে) এবং ময়মনসিংহ সদর উপজেলায় ২ জন (ব্রহ্মপুত্র নদে মাছ ধরতে গিয়ে) সহ মোট ৫ জন বজ্রপাতে নিহত হয়েছে।

**চুয়াডাংগাঃ** জেলা প্রশাসন, চুয়াডাংগা থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, গত ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ চুয়াডাংগা জেলার আলমডাংগা উপজেলায় মাঠে কৃষি কাজ করার সময় বজ্রপাতে নিহত হয়েছে।

**রাজশাহীঃ** জেলা প্রশাসন, রাজশাহী থেকে প্রাপ্ত পত্র মারফত জানা যায় যে, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় গত ১৬/০৬/২০২২খ্রিঃ তারিখ বেলা ১২ ঘটিকায় ফাঁকা মাঠে গরু আনতে গিয়ে নাদিরা বেগম (৪৫) নামে একজন বজ্রপাতে নিহত হয়েছে।

**দিনাজপুরঃ** গত ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলায় বজ্রপাতে ইসমত আরা (৩৮) নামে একজন মহিলা নিহত হয়েছে।

## ৮। পাহাড় ধসঃ

**চট্টগ্রামঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম টেলিফোনে জানিয়েছেন যে, অতিবৃষ্টির কারণে ১৭/০৬/২০২২খ্রিঃ তারিখ রাতে গতকাল চট্টগ্রাম মহানগরীর আকবরশাহ থানাধীন বিজয়নগর উত্তর পাহাড়লীর ফিরোজশাহ এলাকায় পাহাড় ধসে ৪ জন ব্যক্তি নিহত ও ২ জন আহত হয়েছে। মানবিক সহায়তা হিসেবে মৃত ব্যক্তিদের দাফন কাফনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক দেয়া বরাদ্দ থেকে মাথাপিছু ২৫,০০০/- টাকা হারে মোট ১,০০,০০০/- টাকা এবং আহতদের চিকিৎসার জন্য মাথাপিছু১৫,০০০/- টাকা হারে মোট ৩০,০০০/- টাকা প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। অবিরাম এবং ভারী বর্ষণের কারণে চট্টগ্রাম মহানগরীর নিচু এলাকাসমূহ জলমগ্ন হওয়ায় জনদুর্ভোগ সৃষ্টি হয়েছে। চট্টগ্রাম মহানগরে ১৯টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। পরিস্থিতির উপর সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে।

## ৮। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৬ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৭ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ০ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২ | ০ | ০ |
| | **মোট** | **১০** | **০** | **০** |

১৮-৬-২০২২

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৫/১(১৭১)

তারিখ: ৪ আষাঢ় ১৪২৯ / ১৮ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৭) বিভাগীয় কমিশনার (সকল)

৮) পরিচালক (সকল)

৯) জেলা প্রশাসক (সকল)

১০) উপ-পরিচালক (সকল)

১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৮-৬-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা